

## ভবিষ্যৎ পরিকল্পনা :

০১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ঘরে ঘরে বিদ্যুৎ সুবিধা পৌছানো এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের গুণগতমান বৃদ্ধির ফলে গ্রাহকের লোড চাহিদা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। গ্রাহকের লোড চাহিদা পূরণের লক্ষ্যে ডিএনই (ডিএমসিএম) প্রকল্পের অর্থায়নে ০২ টি নতুন ২০ এমভিএ (লাকসাম-২ (মুদাষ্ফরগঞ্জ) এবং মনোহরগঞ্জ-২ (খিলা) ইনডোর উপকেন্দ্র নির্মাণ সম্পন্ন করণ।

০২। ক্রমবর্ধমান গ্রাহকের লোড চাহিদা পূরণ ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে পিজিসিবি কর্তৃক লাকসাম উপজেলায় একটি ১৩২/৩৩ কেভিএ ১০০/১৫০ এমভিএ গ্রীড উপকেন্দ্র নির্মাণ প্রক্রিয়াধীন আছে। নোয়াখালী গ্রীড হতে মনোহরগঞ্জ-১ (পরানপুর) উপকেন্দ্র পর্যন্ত ২৩ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ কাজ চলমান আছে এবং ঢালুয়া উপকেন্দ্র থেকে চৌদ্দগ্রাম গ্রীড পর্যন্ত ২০ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ লাকসাম হতে চৌদ্দগ্রাম গ্রীড পর্যন্ত নির্মিত সিঞ্জেল সার্কিট ৩৩ কেভি

লাইনকে ডাবল সার্কিটে উন্নীত করা। তাছাড়া ইউআরইডিএস ফেজ-২ প্রকল্পের আওতায় ০২ টি উপকেন্দ্র (নাঙ্গলকোট-৩ (জোড়ডা), মনোহরগঞ্জ-৩ (ডুমুরিয়া) নির্মাণের প্রস্তাব দেয়া হয়েছে। উক্ত গ্রীড উপকেন্দ্র এবং ৩৩ কেভি লাইন সমূহ নির্মাণ ও বিদ্যুতায়নের পর গ্রীড হতে বিদ্যুৎ গ্রহণের মাধ্যমে অত্র সমিতির সিস্টেম লস কাঙ্ক্ষিত পর্যায়ে আনা সম্ভব হবে এবং ৩৩ কেভি লাইন লস হ্রাস পাবে।

০৩। অধিগ্রহণকৃত জায়গার সমিতির সদর দপ্তর কমপ্লেক্স নির্মাণ করতঃ কুমিল্লা পবিস-২ এর ক্যাম্পাস হতে সমিতি স্টোর ও ওয়ার্কসপ স্থানান্তরকরণ।

০৪। পাশাপাশি সমিতির বকেয়া মাস ১.২০ অর্জনের পদক্ষেপ গ্রহণ এবং আগামী ০২ বছরের মধ্যে পর্যায়ক্রমে গ্রাহক প্রান্তে প্রি-পেইড মিটার স্থাপন করা হবে।